# প্রকৃতি ও প্রযুক্তিতে বহুপদী রাশি

**১. তিনটি বাস্তব উদাহরণ থেকে বহুপদী রাশি গঠন করো।**

**সমাধানঃ (i) টাকা জমানোর প্লান এর উদাহরণঃ**

রহিমের কাছে 100 টাকা আছে এবং সে প্রতি মাসে 50 টাকা করে জমাতে চায়। তাহলে n মাস পর তার জমা টাকার পরিমাণ S(n) হলে, উক্ত টাকা জমানোর প্লানের বহুপদী রাশিঃ $S(n) = 50n + 100$

**(ii) চাল-ডালের হিসাবের উদাহরণঃ**

করিম বাজারে গিয়ে দেখল প্রতি কেজি চাল ও ডালের দাম যথাক্রমে x ও y টাকা। তিনি 6 কেজি চাল ও 2 কেজি ডাল কিনলেন। তাহলে, করিম সাহেবের চাল ডাল বাবদ খরচকে আমরা নিম্নোক্ত বহুপদী রাশির মাধ্যমে প্রকাশ করতে পারি।

মোট খরচ = $6x + 2y$

**(iii) জমির ক্ষেত্রফলের উদাহরণঃ**

সমরেশ বাবুর একখন্ড আয়তাকার জমি আছে যার দৈর্ঘ্য x ও প্রস্থ y. তাহলে, সমরেশ বাবুর জমির ক্ষেত্রফলকে আমরা বহুপদী রাশির মাধ্যমে প্রকাশ করতে পারি যা নিম্নরূপ।

জমির ক্ষেত্রফল = $xy$

**২. নিচের নির্দেশনা মোতাবেক বহুপদী রাশির উদাহরণ দাও।**

i) এক চলক, ত্রিমাত্রিক, দ্বিপদী

ii) এক চলক, ত্রিমাত্রিক, চতুর্পদী

iii) দুই চলক, ত্রিমাত্রিক, দ্বিপদী

iv) দুই চলক, ত্রিসমমাত্রিক, ত্রিপদী

v) চার চলক, চক্রক্রমিক, চতুর্মাত্রিক

**সমাধানঃ** (i) $3x^3-2x$

(ii) $3x^3-2x^2-3x+2$

(iii) $x^3+y^3$

(iv) $x^3+x^2y+xy^2$

(v) $x^4+y^4+z^4+m^4$

**[ আমাদের এই অংশ বা অধ্যায়ের নাম প্রকৃতি ও প্রযুক্তিতে বহুপদী রাশি, যা অনুশীলনীভিত্তিক সমাধান নিয়ে সাজানো। আমাদের সাথে থাকার জন্য ধন্যবাদ। ]**

**৩. উদাহরণ দাও:**

i) সমমাত্রিক, প্রতিসম, চক্রক্রমিক বহুপদী রাশি,

ii) সমমাত্রিক, প্রতিসম বহুপদী রাশি কিন্তু চক্রক্রমিক নয়,

iii) সমমাত্রিক, চক্রক্রমিক বহুপদী রাশি কিন্তু প্রতিসম নয়,

iv) প্রতিসম, চক্রক্রমিক বহুপদী রাশি, কিন্তু সমমাত্রিক নয়।

**সমাধানঃ** (i) $x^2+y^2+z^2$

(ii) $x^2+y^2-z^2$

(iii) $xy+yz+zx$

(iv) $x^3+y^3+z^3-3x^2y^2z^2$

**৪. i) ভাগ প্রক্রিয়ার মাধ্যমে $x^4-3x^2+1$ কে $2x^2-3$ দ্বারা ভাগ করো।**

**সমাধানঃ** $2x^2-3 \,)\, x^4-3x^2+1 \,(\, \frac{1}{2}x^2-\frac{3}{4}$

$-(x^4-\frac{3}{2}x^2)$

---

$-\frac{3}{2}x^2+1$

$-(-\frac{3}{2}x^2+\frac{9}{4})$

---

$-\frac{5}{4}$

∵ নির্ণেয় ভাগফল = $\frac{1}{2}x^2-\frac{3}{4}-\frac{\frac{5}{4}}{2x^2-3}$

**ii) ভাগ প্রক্রিয়ার মাধ্যমে $5x^3-3x-2$ কে $3x-2$ দ্বারা ভাগ করো এবং ভাগশেষ উপপাদ্য ব্যবহার করে তোমার পাওয়া ভাগশেষের সত্যতা যাচাই করো।**

**সমাধানঃ** $3x-2 \,)\, 5x^3-3x-2 \,(\, \frac{5}{3}x^2+\frac{10}{9}x-\frac{7}{27}$

$-(5x^3-\frac{10}{3}x^2)$

---

$\frac{10}{3}x^2-3x$

$-(\frac{10}{3}x^2-\frac{20}{9}x)$

---

$-\frac{7}{9}x-2$

$-(-\frac{7}{9}x+\frac{14}{27})$

---

$-\frac{68}{27}$

∵ প্রাপ্ত ভাগশেষ = $-\frac{68}{27}$

<u>ভাগশেষ উপপাদ্য ব্যবহার করে প্রাপ্ত ভাগশেষের সত্যতা যাচাইঃ</u>

এখানে, $P(x) = 5x^3-3x-2$

এবং $3x-2$, $P(x)$ এর একটি উৎপাদক।

তাহলে, $x=\frac{2}{3}$ ধরে $P(x)$ এর মান নির্ণয় করি।

$P(\frac{2}{3}) = 5(\frac{2}{3})^3-3(\frac{2}{3})-2$

$= 5.\frac{8}{27}-2-2$

$= \frac{40}{27}-4$

$= \frac{40-108}{27}$

$= -\frac{68}{27}$

= প্রাপ্ত ভাগশেষের সমান [সত্যতা যাচাই করা হলো]

**৫. নিচের বহুপদী রাশিগুলোর কোনটি বাস্তব মৌলিক রাশি তা নির্ণয় করো। যেগুলো বাস্তব মৌলিক রাশি নয় সেগুলোকে উৎপাদকে বিশ্লেষণ করো।**

**i) $x^2 - 5x - 14$**

**সমাধানঃ** ধরি, $P(x) = x^2 - 5x - 14$

এখন, $x = 7$ হলে,

$P(7) = 7^2 - 5.7 - 14 = 49 - 35 - 14 = 49 - 49 = 0$

$\because$ (x-7), প্রদত্ত রাশির একটি উৎপাদক, অর্থাৎ $x^2 - 5x - 14$ একটি বাস্তব মৌলিক রাশি নয়।

**উৎপাদকে বিশ্লেষণঃ** $x^2 - 5x - 14$

$= x^2 - 7x + 2x - 14$

$= x(x-7) + 2(x-7)$

$= (x-7)(x+2)$

**ii) $x^2 - 5x + 2$**

**সমাধানঃ** আমরা জানি, $ax^2 + bx + c = 0$ এর ক্ষেত্রে,

$x = \frac{-b\pm\sqrt{(b^2-4ac)}}{2a}$

তাহলে, $x^2 - 5x + 2 = 0$ এর ক্ষেত্রে,

বা, $x = \frac{5\pm\sqrt{\{(5)^2-4.1.2\}}}{2.1}$

$\therefore x = \frac{5\pm\sqrt{17}}{2}$

এখন $\sqrt{17}$ একটি অমূলদ সংখ্যা, সেহেতু x এর এই মানের জন্য $x^2 - 5x + 2$ কে সরল বহুপদী রাশির মাধ্যমে উৎপাদকে বিশ্লেষণ করা যাবে না। এমতাবস্থায়, $x^2 - 5x + 2$, $[x \neq 0]$ দ্বিঘাত রাশিটি একটি বাস্তব মৌলিক রাশি।

**iii) $2x^2 + 3x + 1$**

**সমাধানঃ** ধরি, $P(x) = 2x^2 + 3x + 1$

এখন, $x = -1$ হলে,

$P(-1) = 2.(-1)^2 + 3.(-1) + 1 = 2 - 3 + 1 = 3 - 3 = 0$

$\because$ (x+1), প্রদত্ত রাশির একটি উৎপাদক, অর্থাৎ $2x^2 + 3x + 1$ একটি বাস্তব মৌলিক রাশি নয়।

**উৎপাদকে বিশ্লেষণঃ** $2x^2 + 3x + 1$

$= 2x^2 + 2x + x + 1$

$= 2x(x+1) + 1(x+1)$

$= (x+1)(2x+1)$

**iv) $3x^2 + 4x - 1$**

**সমাধানঃ** আমরা জানি,

$ax^2 + bx + c = 0$ এর ক্ষেত্রে,

$x = \frac{-b\pm\sqrt{(b^2-4ac)}}{2a}$

তাহলে, $3x^2 + 4x - 1 = 0$ এর ক্ষেত্রে,

বা, $x = \frac{-4\pm\sqrt{\{4^2-4.3.-1\}}}{2.3}$

$\therefore x = \frac{-4\pm\sqrt{28}}{6}$

এখন $\sqrt{28}$ একটি অমূলদ সংখ্যা, সেহেতু x এর এই মানের জন্য $3x^2 + 4x - 1$ কে সরল বহুপদী রাশির মাধ্যমে উৎপাদকে বিশ্লেষণ করা যাবে না। এমতাবস্থায়, $3x^2 + 4x - 1$, $[x \neq 0]$ দ্বিঘাত রাশিটি একটি বাস্তব মৌলিক রাশি।

**৬. উৎপাদকে বিশ্লেষণ কর:**

**i) $x^3 - 5x + 4$**

**সমাধানঃ** ধরি, $P(x) = x^3 - 5x + 4$

এখন, x=1 হলে,

$P(1) = 1^3 - 5.1 + 4 = 1 - 5 + 4 = 0$

তাহলে, (x-1) হলো $x^3 - 5x + 4$ এর একটি উৎপাদক।

অতএব, $x^3 - 5x + 4$

$= x^2(x-1) + x(x-1) - 4(x-1)$

$= (x-1)(x^2+x-4)$ [Ans.]

**ii) $x^3 - 3x^2 + 3x - 2$**

**সমাধানঃ** ধরি, $P(x) = x^3 - 3x^2 + 3x - 2$

এখন, x= 2 হলে,

$P(2) = 2^3 - 3.2^2 + 3.2 - 2 = 8 - 12 + 6 - 2 = 14 - 14 = 0$

তাহলে, (x-2) হলো $x^3 - 3x^2 + 3x - 2$ এর একটি উৎপাদক।

অতএব, $x^3 - 3x^2 + 3x - 2$

$= x^2(x-2) - x(x-2) + 1(x-2)$

$= (x-2)(x^2-x+1)$ [Ans.]

**iii) $x^5 - 16xy^4$**

**সমাধানঃ** $x^5 - 16xy^4$

$= x(x^4-16y^4)$

$= x\{x^4-(2y)^4\}$

$= x[\{(x^2)^2-\{(2y)^2\}^2]$

$= x\{x^2+(2y)^2\}\{(x^2-(2y)^2\}$

$= x(x^2+4y^2)(x+2y)(x-2y)$ [Ans.]

**৭. একটি ঘনক আকৃতির চৌবাচ্চার দৈর্ঘ্য অন্য একটি ঘনক আকৃতির চৌবাচ্চার দৈর্ঘ্যের বিপরীত গুণিতক। চৌবাচ্চা দুইটির দৈর্ঘ্যের যোগফল 3 ফুট হলে, তাদের আয়তনের যোগফল কত?**

**সমাধানঃ** ধরি, ১ম ঘনক আকৃতির চৌবাচ্চার দৈর্ঘ্য = x

∵ ২য় ঘনক আকৃতির চৌবাচ্চার দৈর্ঘ্য = $\frac{1}{x}$

শর্তানুসারে, $x+\frac{1}{x} = 3$

বা, $x^2 + 1 = 3x$ [উভয়পক্ষকে x দ্বারা গুণ করে]

বা, $x^2-3x+1 = 0$

এখন, আমরা জানি,

$ax^2+bx+c = 0$ এর ক্ষেত্রে,

$$x = \frac{-b\pm\sqrt{(b^2-4ac)}}{2a}$$

তাহলে, $x^2-3x+1 = 0$ এর ক্ষেত্রে,

$$x = \frac{3\pm\sqrt{\{(-3)^2-4.1.1\}}}{2.1}$$

বা, $x = \frac{3\pm\sqrt{5}}{2}$

বা, x = 0.38196 ফুট (প্রায়)

অথবা, x = 2.61803 ফুট (প্রায়)

বা, $\frac{1}{x} = \frac{1}{0.38196} = 2.61803$ ফুট (প্রায়)

অথবা, $\frac{1}{x} = \frac{1}{2.61803} = 0.38196$ ফুট (প্রায়)

তাহলে, ঘনক দুইটির আয়তনের যোগফল

$= x^3 + (\frac{1}{x})^3$

$= (0.38196)^3 + (2.61803)^3$

= 18 ঘন ফুট (প্রায়) [Ans.]

**৮. আংশিক ভগ্নাংশে প্রকাশ কর:**

i) $\frac{x+1}{(x-1)^2(x^2+1)^2}$

**সমাধানঃ** এর সমাধান পরে দেওয়া হবে, ধন্যবাদ।

ii) $\frac{x^3+1}{x^2+1}$

**সমাধানঃ** $x^2 + 1$ ) $x^3 + 1$ ( x

$-(x^3 + x)$

---

$-x + 1$

এখানে, ভাগফল = x ও ভাগশেষ = -x+1 ∴ $\frac{x^3+1}{x^2+1}$

$= x + \frac{-x+1}{x^2+1}$

$= x - \frac{x-1}{x^2+1}$

অর্থাৎ, $\frac{x-1}{x^2+1}$ একটি আংশিক ভগ্নাংশ।